উপজেলা পরিষদ কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট

বিষয় : উপজেলা পরিষদের অক্টোবর/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : বিধান কান্তি হালদার
প্রশাসক, উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৮/১০/২০২৫ খ্রিঃ

সভার সময় : সকাল- ১১.৩০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর গত ২৫/০৯/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত এবং গৃহীত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে চলতি মৌসুমে মাঠে দন্ডায়মান আমন ধান পাকতে শুরু করেছেন। যে সকল কৃষক আগাম জাতের হাইব্রিড ধান লাগিয়েছিলেন সেগুলো কর্তন শুরু হয়েছে। বর্তমানে এ উপজেলায় রাসায়নিক সারের কোন সংকট নেই। তবে তামাক চাষে নিরুৎসাহিত করণের অংশ হিসেবে যে সকল কৃষক তামাক চাষ করবেন সরকার কর্তৃক তাদের কাছে রাসায়নিক সার বিক্রয়ের নিষেধাজ্ঞা রয়েছে। আগামী বোরো মৌসুমের এ উপজেলায় ৩৫০ জনের প্রণোদনা পাওয়া গেছে। মাঠ পর্যায়ে তালিকা সংগ্রহের কাজ চলমান রয়েছে। | (ক) মাঠ পর্যায়ে বিভিন্ন ফসলের পোকা মাকড় ও রোগবালাইয় দমন/প্রতিরোধে উপসহকারী কৃষি কর্মকর্তাগণদ্বারা নিয়মিত পরিদর্শন করতে হবে। সারের দোকানগুলো নিয়মিত মনিটরিং করতে হবে কোথাও কোন অনিয়ম পরিলক্ষিত হলে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, আদিতমারী। |
| | | তিনি সভায় আরো জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিবি) অর্থায়নে এ উপজেলার কৃষি বিভাগ কর্তৃক মাঠ পর্যায়ে মাটির গুনাগুন পরীক্ষার জন্য পিএইচ মিটার সরবরাহের অনুরোধ জানান। | (খ) ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি'র অর্থায়নে উপজেলা কৃষি বিভাগকে মাটির গুনাগুন পরীক্ষার জন্য পিএইচ মিটার সরবরাহের প্রকল্প গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, আদিতমারী |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী, এর প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের মাঝে টাইফয়েড ভ্যাকসিনেশনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করতে হবে। উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীর টাইফয়েড ভ্যাকসিনেশন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী, |
| ০৩ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, বর্তমানে গবাদি পশুর তড়কা বা অ্যানথ্রাক্স রোগের প্রাদুর্ভাব দেখা যাচ্ছে। এটি মুলত সংক্রামক রোগ। আক্রান্ত পশুর শ্লেষ্মা, লালা, রক্ত, মাংস, হাড়, নাড়ী-ভূড়ি, চামড়া বা পশমের সংস্পর্শে এলে মানুষও এ রোগে আক্রান্ত হতে পারে। তাই অসুস্থ পশু জবাই করা যাবে না। মৃত পশু খোলা স্থানে ফেলা থেকে বিরত থাকতে হবে। মৃত পশু মাটিতে গভীরভাবে পুঁতে ফেলতে হবে। আক্রান্ত গবাদিপশুর চিকিৎসা ও পরামর্শের জন্য দ্রুত উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে যোগাযোগ করতে অনুরোধ জানান। | (ক) মাঠ পর্যায়ে খামারিদের গবাদি পশুর সংক্রমক রোগের বিস্তাররোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে। (খ) উপজেলা পর্যায়ের সকল কসাইদের নিয়ে তড়কা বা অ্যানথ্রাক্স রোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মতবিনিময় সভার আয়োজন করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী। |

চলমান পাতা-০২

CamScanner

এছাড়াও তিনি নিম্নোক্তভাবে তার দাপ্তরিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

| ক্র: নং | কার্যক্রমের নাম | বার্ষিক লক্ষ্য মাত্রা | চলতি মাসে অর্জন |
|---|---|---|---|
| ১ | সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা) | ৪৮০০ | ৪০০ |
| | ক. তরল সিমেন দ্বারা | ০ | ০ |
| | খ. হিমায়িত সি েন দ্বারা | ৪৮০০ | ৪০০ |
| ২ | সংকর জাতের গবাদি পশুর বাছুরের তথ্য সংগ্রহ (সংখ্যা) | ১৯২০ | ১৭৪ |
| ৩ | সরকারিভাবে টিকা প্রদা সম্প্রসারণ | ৮৩৫৬৬০ | ৯১২৬৪ |
| | ক) গবাদি পশু (সংখ্যা) | ৭৭৬৬০ | ২৯২৬৪ |
| | খ) হাঁস-মুরগী (সংখ্যা) | ৭৫৮০০০ | ৬২০০০ |
| ৪ | গবাদিপশুর চিকিৎসা প্রদান (সংখ যা) | ২৬৯৩৪ | ২৪৬৮ |
| ৫ | হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা) | ১৩০৮৫১ | ১৪৫৫৮ |
| ৬ | পোষা প্রাণীর চিকিৎসা প্রদান(সংখ্যা) | ৫৫ | ৪ |
| ৭ | গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমূণা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা) | ১০৬ | ১০ |
| ৮ | গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা) | ১৯ | ২ |
| ৯ | ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্পস্থাপন (সংখ্যা) | ৯ | ৩ |
| ১০ | খামারী প্রশিক্ষণ (সংখ্যা) | - | ১৯৫ |
| | (ক) খামারী প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) | ৮৪০ | ১৯৫ |
| | (খ) অন্যান্য / বেসরকারী পর্যায়ে খামারী প্রশিক্ষণ (সংখ্যা) | - | ১৪০ |
| ১১ | মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ প্রদান (সংখ্যা) | ৩৬ | ০ |
| ১ | উঠান বৈঠকে আয়োজন সংখ্যা | ৫৮ | ৫ |
| ১৩ | স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ (একর) | ৩৩.০০ | ৪.২১ |
| ১৪ | খামার / ফিড মিল/ হ্যাচারি পরিদর্শন (সংখ্যা) | ১১২ | ৫ |
| ১৫ | গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ১৩ | ০ |
| ১৬ | পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন (সংখ্যা) | ৪ | ১ |
| ১৭ | মোবাইল কোর্ট পরিচালনাকরা (সংখ্যা) | ৩ | ০ |
| ১৮ | দুধ উৎপাদন (মেট্রিক টন) | ২৫২৬০.০০ | ২২৫১.৫৫ |
| ১৯ | মাংস উৎপাদন (মেট্রিক টন) | ১৭২০০.০০ | ১৪৩৩.৩৩ |
| ২০ | ডিম উৎপাদন (লক্ষ) | ৫০২.৮৯ | ৪১.৯১ |

এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

চলমান পাতা-০৩

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি'র ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে ২২,১৪,০০০/- টাকা। ১ম কিস্তি হিসেবে এ বছর সম্ভাব্য এডিপি'র বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে ৮৮,৫৬,০০০/-টাকা। তবে ইতোমধ্যে কয়েকটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের নিকট থেকে প্রকল্প তালিকা পাওয়া গেছে। ২য় কিস্তির বরাদ্দ এখনো পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া মাত্রই প্রকল্প বাছাই কমিটির মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে।<br><br>সভায় চেয়ারম্যান, সাপ্টিবাড়ী ইউনিয়ন পরিষদ জানান যে, এলজিইডি থেকে এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে ড্রেন নির্মানসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। কিন্তু ইউনিয়ন পরিষদের কোন জনপ্রতিনিধিকে উক্ত উন্নয়ন প্রকল্প বাস্তবানের ক্ষেত্রে জানানো হয় না। এতে যেমন ঠিকাদারের জবাবদিহিতার জায়গায় সংকট থেকে যায় অন্যদিকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ স্থানীয় জনপ্রতিনিধিরা স্থানীয়ভাবে হেয় প্রতিপন্যের স্বিকার হয়। | ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি'র প্রাপ্ত বরাদ্দের আলোকে প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধে দাখিল করতে হবে।<br><br>ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রে যে সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হবে। তাতে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ জনপ্রতিনিধিদের সম্পৃক্ত/ অবহিত করাতে হবে। | সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান/ বিভাগীয় প্রধান/উপজেলা প্রকৌশলী আদিতমারী।<br><br>উপজেলা প্রকৌশলী আদিতমারী। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী সভায় জানান যে, প্রাথমিক পর্যায়ের সকল বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের টাইফয়েড ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান রয়েছে যা ৩০ অক্টোবর ২০২৫ তারিখ শেষ হবে। ইতোমধ্যে প্রাথমিক বিদ্যালয়সমূহের ৯২% এর উপরে শিক্ষার্থীরা টাইফয়েড ভ্যাকসিন নিয়েছে। দীর্ঘদিন পরে এ বছর নভেম্বর মাসের মাঝামাঝি সময়ে বৃত্তি পরীক্ষা/২০২৫ অনুষ্ঠিত হবে। তার আগে বিদ্যালয়গুলোতে টেস্ট পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর প্রতিটি বিদ্যালয়ের ৫ম শ্রেণীর সর্বোচ্চ ৪০% শিক্ষার্থ এ পরীক্ষায় অংগ্রহণ করতে পারবে। এ পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য প্রতিটি ইউনিয়নে একটি করে পরীক্ষা কেন্দ্র থাকবে। বর্ণিত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে বলে তিনি জানান। | (১) শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধকল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২) বৃত্তি পরীক্ষা নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী। |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, মাধ্যমিক পর্যায়ের সকল শ্রেণীর ৬ষ্ঠ-৯ম পর্যন্ত বার্ষিক পরীক্ষা আগামী ২০ নভেম্বর/২৫ তারিখ থেকে এবং এসএসসি নির্বাচনী পরীক্ষা ২৭ নভেম্বর/২৫ থেকে অনুষ্ঠিত হবে। পাশাপশি জুনিয়র বৃত্তি পরীক্ষা আগামী ২১ ডিসেম্বর/২৫ থেকে শুরু হবে।<br>তিনি সভায় আরো জানান যে, এ উপজেলা পরিষদ ক্যাম্পাসে অবস্থিত প্রমোট দ্বিতল ভবনে কয়েক বছর যাবত উপজেলা মাধ্যমিক এবং প্রাথমিক বিদ্যালয়সমূহের নতুন বই রাখা হচ্ছে। ভবনটির কিছু কিছু দরজা ও জানালা ভেঙ্গে গেছে। জরুরী ভিত্তিতে সংস্কার/মেরামত করা প্রয়োজন। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | (১) শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত মনিটরিং করতে হবে। কোন অনিয়ম হলে লিখিত ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) এ উপজেলার দ্বিতল প্রমোট ভবনটি উপজেলা প্রকৌশলী সরেজমিন পরিদর্শনপূর্বক জরুরী মেরামতযোগ্য বিষয়ের প্রাক্কলন প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করেন। যা প্রমোট ভবনের নিজস্ব অর্থ হতে নির্বাহ করা হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা প্রকৌশলী, আদিতমারী |
| ০৭ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে কাবিটা উপজেলাভিত্তিক ১ম পর্যায়ে অর্থ ১,১০,১৬,৯৭৮.৩৮ টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং প্রকল্প গ্রহণ করা হয়েছে ২১টি। গম ৬৫.৬৬৪১ মে.টন বরাদ্দ পাওয়া গেছে প্রকল্প ১০টি, চাল ৬৫.৬৬৪১মে.টন বরাদ্দ পাওয়া গেছে প্রকল্প সংখ্যা ১০টি এবং টিআর উপজেলা ভিত্তিক ১ম পর্যায়ে বরাদ্দ পাওয়া গেছে ৮৬,২৯,৭৫৯.৬১ টাকা যার বিপরীতে প্রকল্প গ্রহণ করা হয়েছে ৩৫টি। বর্ণিত প্রকল্পসমূহের তালিকা জেলা পর্যায়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। এখনো অনুমোদন পাওয়া যায়নি। এ ছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | ২০২৫-২০২৬ অর্থ বছরের ১ম পর্যায়ের বরাদ্দ প্রাপ্ত প্রকল্পসমূহ অনুমোদিত হলে নির্ধারিত সময়ের মধ্য যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, আদিতমারী, সভায় জানান যে, গত ১৩ অক্টোবর ২০২৫ থেকে আগামী ০৬ নভেম্বর ২০২৫ পর্যন্ত নতুন বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার আবেদন চলমান থাকবে। পরবর্তীতে বরাদ্দ সাপেক্ষ্যে যাচাই-বাছাই পূর্বক এই সকল ব্যক্তিকে ভাতা প্রদান করা হবে। মৃত ভাতাভোগীদের নাম পরিবর্তে নতুন ভাতাভোগী প্রতিস্থাপনের জন্য সকল ইউনিয়ন পরিষদে পত্র দেওয়া হবে। এ ক্ষেত্রে মৃত ব্যক্তিদের তালিকার সাথে তাদের ডিজিটাল মৃত্যু সনদ প্রেরণ করার অনুরোধ জানান। অন্যথায় পরিষদের নিজস্ব সিলমোহরে প্রত্যয়ন প্রত্র প্রেরণ করতে হবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আদিতমারী। |
| ০৯ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, আদিতমারী সভায় জানান যে, মৎস্যজীবী নিবন্ধন হালনাগাদ প্রক্রিয়া দুর্গাপুর ইউনিয়নে চলমান রয়েছে। উপজেলার ০৮টি ইউনিয়নে পুকুর জরিপ কাজ চলমান রয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরে বরাদ্দকৃত ০২টি মৎস্যচাষি প্রশিক্ষণে আগামী নভেম্বর/২৫ মাসে অনুষ্ঠিত হবে। আগ্রহী চাষীদের উপজেলা মৎস্য দপ্তরে যোগাযোগ করার জন্য অনুরোধ জানান। এছাড়া বিভাগের অন্যন্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | নভেম্বর/২৫ মাসে অনুষ্ঠিত মৎস্য চাষীদের প্রশিক্ষণের বিষয়ে মাঠ পর্যায়ে প্রচারনা চালানোর পাশাপাশি প্রকৃত মৎচাষীদের প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, আদিতমারী |
| ১০ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ অফিসার, আদিতমারী। |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে ৬০ জন প্রান্তিক যুবক ও যুবনারীকে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে। যুব ঋণ কার্যক্রম বিধি মোতাবেক চলমান রয়েছে। যুব কল্যাণ তথা আর্থ সামাজিক উন্নয়নে যুব সংগঠন ভিত্তিক অনুদান এ উপজেলায় ০২টি সংগঠন পেয়েছে। পারিবারিক খামার স্থাপন ও বায়োগ্যাস প্লান্ট স্থাপনের নিমিত্তে যুব প্রশিক্ষণার্থী যাচাই এর জরিপ কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে এবং খেলাপি ঋণ আদায়ে তৎপর থাকতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী সভায় নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন।<br>১। ডব্লিউবি কার্যক্রমঃ জুলাই/২০২৫ থেকে জুন/২০২৭ চক্রের ভিডব্লিউবি কার্যক্রম এর আওতায় সদর কার্যালয় ঢাকা হতে ৬মাসের জন্য ৪.৬৬ মে:টন: চাউল এর বরাদ্দ পাওয়া গেছে উক্ত বরাদ্দ হতে অক্টোবর/২০২৫ মাসের অদ্য উপজেলার ৮টি ইউনিয়নের অনুকূলে ৭১.৬১০ মে:টন: চাউলের ডিও প্রদান করা হয়েছে বিতরণ চলমান।<br>০২। মা ও শিশু সহায়তা কার্যক্রম:- ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য প্রতি ইউনিয়ন এর অনুকুলে মাসে ১০জন করে মা ও শিশুর বরাদ্দ পাওয়া গেছে এর মধ্যে অক্টোবর/২০২৫ খ্রি: মাসে ৬টি ইউনিয়ন এর উপজেলা কর্তৃক অনুমোদন সম্পন হয়েছে কার্যক্রম চলমান।<br>০৩। প্রশিক্ষণ কার্যক্রম (ডব্লিউ,টি,সি):-২০২৫-২০২৬ অর্থবছরের উপজেলা মহিলা প্রশিক্ষণ কার্যক্রম (ডব্লিউ,টি,সি) ৩মাস মেয়াদী এর ২য় ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>০৪। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিলঃ- এই তহবিলের আওতায় সদর কার্যালয় হতে ১৩,০০,৯৫২/৫৮ টাকা পর্যাক্রমে পাওয়া গেছে। উক্ত টাকা বর্তমানে রিকোভারী হিসাবে ২৫,৪৬,০০০/৩৯ টাকায় দাড়িয়েছে। বর্তমানে অনাদায়ী চলতি মাঠে ৬.৪৮.৩৯০/-টাকা মেয়াদ উত্তীর্ণ (খেলাপী) ৪,৯৪,২৯৬/৩৯ টাকা অনাদায়ী।<br>০৫। কিশোর-কিশোরী ক্লাবঃ- ২০১৯-২০২০ অর্থবছর হতে অত্র উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদের নিকটবর্তী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের একটি শ্রেণীকক্ষে প্রতি শুক্র ও শনিবার ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরসহ মোট ৩০ জনকে সংগীত ও আবৃত্তি শিক্ষা প্রদান করা হচ্ছে এবং ক্লাস শেষে ছাত্র ছাত্রীদের মাঝে আয়কর এবং ভ্যাটসহ ১৫ টাকার নাস্তা, ৩০ জনের মাঝে প্রদান করা হয়। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান।<br>০৬। স্বেচ্ছাসেবী মহিলা সমিতি/সংস্থাঃ- ২০২৫-২০২৬ অর্থবছরের সমিতি/সংস্থার কর্যক্রম এর অনুদান ফরম বিতরণ করা হয়েছে এবং ২০২৪-২০২৫ অর্থবছরের সরকার কর্তৃক অনুদানের প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য), আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১৭টি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্রুক এর নির্মাণ কাজ চলমান রয়েছে। অগভির নলকূপের বরাদ্দ এখনো পাওয়া যায়নি। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | পিইডিপি-৪ প্রকল্পের আওতায় চলমান ১৭টি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লক নির্মাণ কাজ নিয়মিত মনিটরিং করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী সভায় জানান যে, **(১) বিভাগীয় ঃ** ক) অডিট যোগ্য সমিতির সংখ্যা- ১২৩টি, খ) অডিট সম্পাদনকৃত সমিতির সংখ্যা- ৫৬ টি, গ) অডিট নোট দাখিল- ৪৫টি, বর্তমানে এ পর্যন্ত সমবায় সমিতির সংখ্যা ১২৪ টি। **(২) অডিট সেস ঃ** ক) ধার্যকৃত অডিট সেস- ৭৫৮০/- টাকা, খ) আদায়কৃত অডিট সেস- ৭৫৮০/- গ) অনাদায়ী অডিট সেস- নেই, ঘ) ১৫% ভ্যাট আদায়- ১১৩৭/- টাকা, ঙ) আদায় হার- ১০০%। **(৩) সিডিএফ ঃ** ক) ধার্যকৃত সিডিএফ- ২২৬৬/- টাকা, খ) আদায়কৃত সিডিএফ-২২৬৬/- টাকা, গ) অনাদায়ী সিডিএফ- নেই, ঘ) আদায় হার- ১০০%। **(৪) লভ্যাংশ বিতরণ যোগ্য ঃ (৫) আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ ঃ** ক) মোট আশ্রয়ন= ২টি, আশ্রয়ন (ফেইজ-২)= ০২টি। মোট আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ = ৪টি এবং সমিতি মোট= ৫টি, খ) ব্যারাক সংখ্যা- ২২টি, গ) কক্ষ ও পূনর্বাসিত পরিবার সংখ্যা- ২২০টি, ঘ) মোট সদস্য সংখ্যা-৪৫১ জন (পুরুষ- ২১২, মহিলা- ২৩৯ জন), ঙ) কমিউনিটি সেন্টার- ০৩ টি, চ) পুকুর/দিঘী- ০৩ টি। **ঋণ সংক্রান্ত ঃ** ক) আবাস হতে প্রাপ্ত মোট বরাদ্দ- ১৬,৬০,০০০/- টাকা, খ) প্রকল্পে ঋণ দাদন (ক্রমপুঞ্জিভূত)- ৪০,৪৩,৫০০/- টাকা, গ) ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত)- ২৯,৭৪,০৪৬/- টাকা (আসল- ২৭,৫৩,৭৪৬/- টাকা, সাঃ চাঃ ২,২০,৩০০/-টাকা)। ঘ) খেলাপী ঋণ- ১৫,৫৬,৩৫৪/- টাকা, ঙ) আদায়ের হার- ৮৬%, চ) আবাসে সার্ভিস চার্জ প্রেরণ- ৯৫২৮৮/- টাকা। সমবায় বিভাগ কর্তৃক প্রকল্প সিভিডিপি হতে প্রেরণসহ এ যাবৎ বিভিন্ন ট্রেডে মোট ৩৪০ জন প্রশিক্ষণ সফলভাবে গ্রহণ করেছেন এর মধ্যে ২০০ জনের স্বকর্মস্থানের সৃষ্টি হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী। |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্টিফিকেট মামলা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে এবং খেলাপী ঋণ আদায়ে আরো বেশি তৎপর হতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, জলবায়ু পরিবর্তনে বিরুপ প্রভাব মোকাবেলায় ব্যাপক বনায়নের লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থ বছরে বিনামূল্যে বিতরণের জন্য আদিতমারী উপজেলায় ৪০০০টি বিভিন্ন প্রজাতির গাছের চারা বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | জলবায়ু পরিবর্তনে বিরুপ প্রভাব মোকাবেলায় ব্যাপক বনায়নের লক্ষ্যে ২০২৫-২০২৬ অর্থ বছরে বিনামূল্যে বিতরণের জন্য বরাদ্দ প্রাপ্ত ৪০০০টি বিভিন্ন প্রজাতির গাছের চারা দ্রুত সময়ের মধ্যে সুষ্ঠুভাবে বিতরণ করতে হবে। বিতরণকৃত গাছে চারাগুলো যেন সঠিক ভাবে রোপন এবং সংরক্ষন করা হয় এ বিষয়ে মনিটরিং করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, আদিতমারী। |
| ১৭ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আদিতমারী সভায় জানান যে, এ উপজেলায় ওএমএস কার্যক্রমের আওতায় ০২টি কেন্দ্রে ২৪/- টাকা কেজি দরে আটা বিক্রয় কার্যক্রমসহ খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন ভিত্তিক মোট ২৬ জন খাদ্য বান্ধব ডিলার কর্তৃক ১৫/-টাকা কেজি দরে কার্ড ধারীদের মাঝে চাল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন ভিত্তিক মোট ২৬ জন খাদ্য বান্ধব ডিলার কর্তৃক ১৫/- টাকা কেজি দরে কার্ড ধারীদের মাঝে চাল বিক্রয় কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। কোথাও কোন অনিয়ম হলে তাৎক্ষনিক ভাবে উপজেলা নির্বাহী অফিসার কে অবহিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, আদিতমারী। |
| ১৮ | সাব-রেজিষ্টার বিভাগ | সাব-রেজিষ্টার কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | সাব-রেজিষ্টার, আদিতমারী। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী, লালমনিরহাট জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী |
| ২০ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, আদিতমারী। |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ৭২টি ভোট কেন্দ্রের তালিকা চুড়ান্ত করা হয়েছে। এছাড়া ১লা নভেম্বর/২০২৫ তারিখ ছবিসহ খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে। এপর্যন্ত যারা ভোটার হননি তারা ভোটার হতে পারবেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যাক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বিধি মোতাবেক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, আদিতমারী। |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, আদিতমারী | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী জোনাল অফিস এর ডিপুটি জেনারেল ম্যানেজার এর প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে আদিতমারী উপজেলায় চাহিদা অনুযায়ী গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ না পাওয়ায় মাঝে মাঝে পিক আওয়ারে লোডশেডিং হচ্ছে। চলতি মাস হতে উপজেলায় লাইনের পার্শ্বে গাছের ডাল পালা পরিষ্কার করার কাজ শুরু হয়েছে। নিরাপদ বিদ্যুৎ সচল রাখার জন্য লাইনের পার্শ্বের গাছের ডাল পালা কর্তন করা খুবই জরুরী। এই কাজে গ্রাহকগণের পাশাপাশি জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | পল্লী বিদ্যুৎ অফিসের কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করার পাশাপাশি লোডশেডিং এর পরিমাণ কমিয়ে আনতে হবে। | ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী। |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, আদিতমারী | সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | অগ্নি সংযোগ প্রতিরোধে সচেতনতামুলক মহড়া কার্যক্রমের বৃদ্ধি করতে হবে এবং বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী। |
| ২৪ | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আদিতমারী, লালমনিরহাট। |
| ২৫ | তথ্য আপা প্রকল্প | সভায় তথ্য আপা প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী জানান যে, তথ্যকেন্দ্রে প্রাথমিক স্বাস্থ্যসেবা, অনলাইন ভিত্তিক সকল সেবা স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী |
| ২৬ | উপজেলা পাট উন্নয়ন দপ্তর | উপজেলা পাট কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | বিস্তারিত কার্যপত্রসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পাট অফিসার, আদিতমারী। |
| ২৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস | সভায় উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান যে, সাধারণ ঋণ কার্যক্রম স্বাভাবিক চলছে। সেপ্টেম্বর মাসে ঋণ বিতরণ হয়েছে ৪১,৯০,০০০/-টাকা ঋন আদায় হয়েছে ৪০,০০,০০০/-টাকা। ঋণ আদায়ের হার ৯৮ শতাংশ। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসের কার্যক্রম গতিশীল করতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, আদিতমারী। |
| ২৮ | ইনোভেশন টিম বিষয়ক | অত্র উপজেলায় ইনোভেশন টিম বিষয়ক সকল কার্যক্রম সঠিক ভাবে চলছে। | সভায় আলোচনান্তে উপজেলা ইনোভেশন টিম বিষয়ক কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হলো | সভাপতি উপজেলা ইনোভেশন টিম, আদিতমার। |
| ২৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | সভায় ইউডিএফ জানান যে, চলতি অর্থ বছরের জানান যে, উপজেলা মূল্যায়ন কার্যক্রম শীঘ্রই শুরু হবে। মন্ত্রণালয় হতে গত বছরের ন্যায় এ বছরেও ওয়েব সাইটে যাচাইয়ের মাধ্যমে মূল্যায়ন করা হবে। মূল্যায়ণে উত্তীর্ণের জন্য উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী নিয়মিত ওয়েব সাইটে আপলোড করতে হবে। এছাড়াও ১৭টি কমিটির বিধি মোতাবেক প্রতি দু'মাসে অন্তত ১টি সভা করে সভার কার্যবিবরণী, নোটিশ এবং হাজিরাসহ ওয়েব সাইটে আপলোড করতে হবে। তিনি সভায় সংশ্লিষ্ট ১৭টি কমিটির সদস্য-সচিবের দৃষ্টি আকর্ষনপূর্বক সভাগুলো নিয়মিত করার জন্য অনুরোধ জানান। | এ উপজেলা পরিষদের সার্বিক উন্নয়নের স্বার্থে ১৭টি কমিটির প্রতি ০২ মাসে অন্তত একটি করে সভার আয়োজন করে সভার কার্যবিবরণী প্রশাসক, উপজেলা পরিষদ বরাবর প্রেরণ করতে হবে। | সভাপতি/সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী, আদিতমারী সভায় জানান যে, গত আগষ্ট/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী কর্তৃক গত ২৬ আগস্ট ২০২৫ খ্রি. তারিখে ০৫.৪৭.৫২০২.০০০.০৩.০১৯.২৫-১১৬৯ স্মারকে আদিতমারী উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত ২৪টি ইউক্যালিপ্টাস ও ০৪টি আকাশমনি গাছের পরিমাপ ও মূল্য নির্ধারণ প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। ১৫/০৯/২০২৫ খ্রি. তারিখের ২২.০১.৮৫০০.২৮১.১৭. ০১৫.২৫/ ২৯২৮নং স্মারকে বিভাগী বন কর্মকর্তার কার্যালয়, রংপুর কর্তৃক বর্ণিত ইউক্যালিপ্টাস গাছ ২৪টি ও ০৪টি আকাশমনি গাছের মূল্য নির্ধারণী প্রতিবেদন পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে গত ২১/১০/২০২৫ খ্রি.তারিখ উপজেলা পরিষদের গাছ নিলাম কমিটি সভা অনুষ্ঠিত হয়। বর্ণিত সভায় উল্লিখিত গাছসমূহ নিলামের মাধ্যমে বিক্রয়ের নিমিত্ত সর্বসম্মত সুপারিশের সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি সভায় গাছ নিলাম কমিটির কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর সভায় উপজেলা গাছ নিলাম কমিটির সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) আদিতমারী উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত পরিবেশের জন্য ক্ষতিকর ২৪টি ইউক্যালিপ্টাস ও ০৪টি আকাশমনি গাছ নিলামের মাধ্যমে বিক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্তসহ বর্ণিত প্রস্তাবটি উর্ধতন কর্তৃপক্ষ বরাবর পূর্বানুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী |
| | | (খ) সভায় চেয়ারম্যান, পলাশী ইউনিয়ন পরিষদ জানান যে, পলাশী ইউনিয়নের Utpmidp আওতায় "মদনপুর মৌজায় নামুড়ী আর্দশ বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ হতে ফয়ছারের বাড়ী পর্যন্ত ড্রেন নির্মাণ" প্রকল্প নির্বাহী প্রকৌশলীর কার্যালয় লালমনিরহাট হতে অনুমোদন করা হয়। পরবর্তীতে উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী সরেজমিন প্রকল্প স্থান পরিদর্শন করেন। সেখানকার স্থানীয় লোকজন ড্রেন করার জন্য জায়গা দিতে অস্বীকৃতি জানান। ফলে প্রকল্পটি পরিবর্তন করা প্রয়োজন। এ বিষয়ে অত্র ইউনিয়ন পরিষদ হতে ইতোমধ্যে সভা করে বর্ণিত প্রকল্পটির পরিবর্তে নিম্নোক্ত প্রকল্প ০২টি প্রতিস্থাপিত করার সিদ্ধান্তসহ সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে। প্রকল্প ০২টি (১) নামুড়ী বাজারের ডিসি রোড সংলগ্ন ফজলুর দোকান হইতে নামুড়ী উচ্চ বিদ্যালয় ও কলেজের পুকুর পাড় পর্যন্ত পানি নিষ্কাশনের ড্রেন নির্মান। (২) পলাশী ইউনিয়ন পরিষদের চার দিকে পানি নিষ্কাশনের ড্রেন নির্মান। তিনি সভায় প্রতিস্থাপিত প্রকল্প ০২টির নাম অনুমোদনের জন্য অনুরোধ জানান। | (খ) পলাশী ইউনিয়নের Utpmidp আওতায় "মদনপুর মৌজায় নামুড়ী আর্দশ বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ হতে ফয়ছারের বাড়ী পর্যন্ত ড্রেন নির্মাণ প্রকল্প বাস্তবায়নে স্থানীয় লোকজন জায়গা দিতে অস্বীকৃতি সংক্রান্ত জটিলতার কারণে নিম্নোক্ত (১) নামুড়ী বাজারের ডিসি রোড সংলগ্ন ফজলুর দোকান হইতে নামুড়ী উচ্চ বিদ্যালয় ও কলেজের পুকুর পাড় পর্যন্ত পানি নিষ্কাশনের ড্রেন নির্মান। (২) পলাশী ইউনিয়ন পরিষদের চার দিকে পানি নিষ্কাশনের ড্রেন নির্মান। প্রকল্প ০২টি প্রতিস্থাপিত করার প্রস্তাব অনুমোদিত হলো। প্রস্তাবটি নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, আদিতমারী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বিধান কান্তি হালদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।



CS CamScanner